# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৫৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতরত অবস্থায় কেউ সালাম দিলে মুসল্লী ব্যক্তি কিভাবে, তার জবাব দিবে, তার বর্ণনা

## ذِكْرُ مَا يَعْمَلُ الْمُصَلِّي فِي رَدِّ السَّلَامِ إِذَا سُلِّمَ عَلَيْهِ فِي ذَلِكَ الْوَقْتِ

আরবী

2256 - أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبٍ قَالَ: حَدَّثَنِي اللَّيْثُ عَنْ بُكَيْرِ بْنِ الْأَشَجِّ عَنْ نَابِلٍ صَاحِبِ الْعَبَاءِ عَنِ ابْنِ عُمَرَ عَنْ صُهَيْبٍ قَالَ: مَرَرْتُ بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ يُصَلِّي فَسَلَّمْتُ عَلَيْهِ فَرَدَّ عَلَيَّ إِشَارَةً - وَلَا أَعْلَمُ إِلَّا أنه قال - بإصبعه.

الراوي : صُهَيْب | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2256 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (858).

বাংলা

২২৫৬. সুহাইব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পাশ দিয়ে অতিক্রম করি, এমন অবস্থায় যে, তিনি সালাত আদায় করছিলেন। অতঃপর আমি তাঁকে সালাম দিলে তিনি ইশারায় আমার সালামের জবাব দেন।”

অধঃস্তন রাবী বলেন, “আমি এটাই জানি যে, তিনি বলেছেন, “তিনি তাঁর হাতের মাধ্যমে ইশারায় আমার সালামের জবাব দেন।”[1]

ফুটনোট

[1] আবূ দাঊদ: ৯২৫; মুসনাদ আহমাদ: ৪/৩৩২; দারেমী: ১/৩১৬; তিরমিযী: ৩৬৭; নাসাঈ: ৩/৫; তাবারানী: ৭২৯৩; তাহাবী: ১/৪৫৪; ইবনুল জারূদ: ২১৬; সুনান বাইহাকী: ২/২৫৮।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সমার্থক বর্ণনা থাকার কারণে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৮৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সুহায়ব আর্ রূমী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91574

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন